

আমানতের উপরে সুদের হার

**ভারতীয় রিজার্ভ ব্যাংক
কেন্দ্রীয় কার্যালয়
ব্যাংকিং কার্য ও উন্নয়ন বিভাগ
সেন্টার -১, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার,
কাফে প্যারেড, কোলাবা, মুম্বাই-৪০০ ০০৫**

DBOD. Dir.BC. 158 /13.03.00/2000

এপ্রিল ১, ২০০০

সকল বাণিজ্যিক ব্যাংক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংকসহ)

মাননীয় মহাশয়,

আমানতের উপরে সুদের হার

আমাদের বিভিন্ন সময়ে সংশোধিত, বিজ্ঞপ্তি DBOD.No.Dir.BC.151/C.347/85 তারিখ ২৭শে ডিসেম্বর ১৯৮৫-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

- ২। ১লা এপ্রিল ২০০০ থেকে কার্যকরী দেশীয় ও সাধারণ অনাবাসী সঞ্চয় আমানতে এবং অনাবসী (বিদেশি) অ্যাকাউন্ট প্রকল্পে বার্ষিক সুদের হার ০.৫ শতাংশ পয়েন্ট কমিয়ে ৪.৫ শতাংশ থেকে ৪.০ শতাংশ করা স্থির হয়েছে।
- ৩। বিভিন্ন সময়ে গৃহীত এ বিষয়ে অন্যান্য সমস্ত নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।
- ৪। তারিখের আমাদের সংশোধনী বিজ্ঞপ্তি DBOD.No.Dir. BC.157 /13.03.00/2000 তারিখ ১লা এপ্রিল ২০০০, এর সঙ্গে সংযোজিত হল।
- ৫। নির্দেশাবলী (ম্যানুয়াল অফ ইন্সট্রাকশন) খণ্ড ১, অংশ ১-এর ৯ম অধ্যায়ের বর্তমান সংযোজনী (সংযোজনী ২-এর)-টি, স্লিপ ১৩ অনুসারে সংশোধন করা যেতে পারে।
- ৬। দয়া করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

পি. ভি. সুব্বারাও)
চীফ জেনারেল ম্যানেজার

সংযোজনী – উপরের মত

আমানতের উপরে সুদের হার

ব্যাংকিং রেগুলেশান অ্যাক্টের ১৯৪৯-এর ২১ এবং ৩৫এ অনুচ্ছেদে ন্যস্ত ক্ষমতা অনুযায়ী ডিসেম্বর ২৭, ১৯৮৫ তারিখের এবং সমন্বয়পযোগী পরিবর্তনসহ DBOD.No.Dir.BC.151/C.347/85 ও তার সংশোধনসহ সাধারণের প্রয়োজন ও উপযোগিতা বিষয়ে সন্তুষ্ট হইয়া ভারতীয় রিজার্ভ ব্যাংক এই নির্দেশ দিচ্ছে যে ১লা এপ্রিল ২০০০ থেকে হতে কার্যকরী দেশীয় ও সাধারণ অনাবাসী সঞ্চয় আমানতে এবং অনাবসী (বিদেশ) অ্যাকাউন্ট প্রকল্পে বার্ষিক সুদের হার ৪.০ শতাংশ হবে।

২। সেইমত, ১৯৮৫ সালের ২৭শে ডিসেম্বর তারিখের DBOD.No.Dir.BC.151 /C.347/85 তারিখ ডিসেম্বর ২৭, ১৯৮৫ অনুযায়ী সংযোজনী -১ ও সংযোজনী-২ মতে সংশোধন করা যাবে। অন্য সব ধারাগুলি অপরিবর্তিত থাকিবে।

(জি .পি .মুনিয়াপ্পান)
নির্বাহী নির্দেশক

স্লিপ ১৩

[অধ্যায় ৯, নির্দেশাবলী (ম্যানুয়াল অফ ইন্সট্রাকশন)
DBOD, DBS, IECD Dir.BC157 of 2000]

সংযোজনী

(সংযোজনী-২ -এর)

আমানতের উপরে সুদের হার

(দেশীয়, এন-আর-ও,এবং এন-আর-ই ডিপোজিট)

<u>অ্যাকাউন্টের শ্রেণী</u>	<u>বার্ষিক শতকরা হার</u>
(১) কারেন্ট	নেই
(২) সঞ্চয়	৪.০
(৩) মেয়াদি আমানত * ১৫ দিন ও তার বেশি	সুদহীন

* এন-আর-ই আমানতের ক্ষেত্রে মেয়াদপূর্তি অন্তত পক্ষে ৬ মাস